উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত (২৮ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৬/০৯/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, করোনাকালীন সময়ে সকল বিভাগই যার যার অবস্থান থেকে বিশেষ করে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ যে সক্রিয় ভূমিকা পালন করেছে তার জন্য স্বাস্থ্য বিভাগসহ সকল বিভাগকে তিনি আন্তরিক ধন্যবাদ জানান।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জনাব মোহাম্মদ গোলাম রব্বানী উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর এর চারটি ব্লক ধরা পড়েছে। ওপেন হার্ট সার্জারী অপারেশন সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া রাজবাড়ী সদর উপজেলার বার বার নির্বাচিত সম্মানিত উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস মহোদয়ের চোখের ছানি অপারেশন হয়েছে। উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর এবং সম্মানিত উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দ্রুত শারীরিক সুস্থ্যতার জন্য মহান আল্লাহ তায়ালার নিকট দোয়া কামনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ২৮ সেপ্টেম্বর মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫তম জন্মদিন উপলক্ষ্যে বিশেষ টিকাদান ক্যাম্পেইন এর মাধ্যমে সারা দেশে ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে ৭৫ লক্ষ্য করোনার টিকা প্রদান করা হবে। বয়স্ক বীর মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধীদের অগ্রাধিকার দিয়ে প্রতিটি ইউনিয়নে ১২০০-১৫০০ জনকে টিকা দেয়া হবে। সকাল ০৯.০০ টা থেকে কার্যক্রম শুরু হবে এবং লক্ষ অর্জিত না হওয়া পর্যন্ত চলবে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা চান। এছাড়া উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসে নিয়মিত করোনার টিকাদান কার্যক্রম চলমান থাকায় ২ জন আনসার সদস্যকে টিকাকেন্দ্রে মোতায়েনের অনুরোধ করেন। এ বিষয়ে সভাপতি রিকুজেশন দেয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদরকে অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, রাজবাড়ী সদর উপজেলায় নাবী পাট উৎপাদন লক্ষ্যে ৫০ জন কৃষকের মাঝে বীজ, সার ও উপকরণ বিতরণ সফলভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর এর পক্ষে ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ শাকিল আহমেদ বলেন যে, ডেইরী শিল্পের উন্নতিকে ত্বরান্বিত করতে প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর সহযোগিতায় রাজবাড়ী সদর উপজেলায় বিনামূল্যে ৭ (সাত) টি মিল্ক ক্রিম সেপারেটর মেশিন বিতরণ করা হয়েছে। রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব কাজী কেরামত আলী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মিল্ক ক্রিম সেপারেটর মেশিন খামারিদের হাতে তুলে দেন। এর ফলে খামারিরা দুগ্ধজাত বিভিন্ন খাদ্যপণ্য যেমন ঘি, ছানা, মাখন, পনির ইত্যাদি তৈরি এবং বাজারজাত করতে সক্ষম হবেন। এছাড়াও এই মেশিন ব্যবহারের ফলে দুগ্ধপণ্যের গুনগত মান অক্ষুণ্ণ থাকবে।<br><br>বন্যা পরবর্তী ক্ষুরারোগ সহ গবাদিপশুর বিভিন্ন রোগ প্রতিরোধে পদ্মা তীরবর্তী এলাকাগুলোতে বিনামূল্যে টিকাদান কর্মসূচী পরিচালিত হচ্ছে। গবাদিপশুর বিভিন্ন রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণের লক্ষ্যে সকল ইউনিয়নে টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, দেশীয় প্রজাতির মাছ রক্ষায় বানীবহ ইউনিয়ন সংলগ্ন বারিকগ্রাম ও মাশালিয়া বিলে গত ০৬/০৯/২০২১ খ্রিঃ তারিখ সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী এর নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। উক্ত মোবাইল কোর্টে ২০০০ মিটার অবৈধ কারেন্ট জাল এবং ৬টি অবৈধ চায়না দুয়ারী আটক করে ধ্বংস করা হয়। তিনি মোবাইল কোর্ট পরিচালনার সহযোগিতা প্রদানের জন্য উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভাকে আরো জানান আগামী অক্টোবর মাসে ইলিশ সংরক্ষণে ২২ দিন অভিযান পরিচালনা করা হবে। এ ব্যাপারে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর। |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, স্বাস্থ্যবিধি অনুসরণ করে ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২ শিফটে ২টি করে শ্রেণী পাঠদান শুরু হয়েছে। ২৪/০৯/২০২১ খ্রিঃ তারিখ তাৎক্ষণিক চরসিলিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এর ৩ কক্ষ বিশিষ্ট ১টি ভবন নদী গর্ভে বিলীন হয়ে যায়। সেখানে ২৩/৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত শ্রেণী পাঠদান কার্যক্রম চলে। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর মহোদয় স্থানীয় চেয়ারম্যান, মিজানপুর ইউনিয়ন পরিষদ, এ ইউ ই ও এবং সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে টিনসেড ভবন পাশ্ববর্তী ২০০ গজ দক্ষিণে স্থানান্তর করা হয় এবং স্থানান্তর ব্যয় বাবদ আনুমানিক ৬০,০০০/- হাজার টাকা খরচ হয়েছে। স্থানান্তরের ব্যয়ের জন্য মহোদয়ের সদয় সহযোগিতা কামনা করেন। এছাড়া পাশ্ববর্তী বাড়ীতে শ্রেণী পাঠদান চলমান রাখা হয়েছে এবং ২/৩ দিনের মধ্যে টিনসেড ঘরে পাঠদানের উপযোগী মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের জুলাই হতে সেপ্টেম্বর মাসের বিভিন্ন ভাতার পে-রোল প্রেরণের কাজ চলমান রয়েছে। ৫০ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। স্বেচ্ছাসেবী সংস্থার অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে (নির্ধারিত) ০৭টি অনুদানের ১,৪০,০০০/- টাকা শীঘ্রই বিতরণ করা হবে। ২০২০-২১ অর্থ বছরে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে ক্যান্সার, কিডনী, স্ট্রোকে প্যালাইজড, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া রোগীদের অনুকূলে প্রত্যেককে ৫০,০০০/- টাকা হিসেবে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মধ্যে এককালীন অনুদানের আবেদন ৩১ অক্টোবর ২০২১ পযন্ত গ্রহণ করা হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলার ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩০০ টি ঘরের মধ্যে ২৮৫ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ১৫ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। টিআর, কাবিখা ও ইজিপিপি'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ০৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ৩০২১ মেঃ টন চাউল ও ৩২৫ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, অদ্য ২৬/০৯/২০২১ খ্রিঃ তারিখ থেকে দাদশী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে ৩২ জন পুরুষ ৩২ জন মহিলাকে অস্ত্র বিহীন গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ শুরু হয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, সেপ্টেম্বন/২০২১ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭২৮৭১০ জন, গ্রহণকারী ৫৭৩৮৫ জন, গ্রহনকারীর হার ৭৮.৭৫%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০২ জন, মহিলা ১৫ জন। মোট স্থায়ী পদ্ধতি ১৭ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১২৮৭ জন, আইইউডি ৭৬ জন। ইমপ্লান্ট ১০৩ জন। আশ্রয়ন প্রকল্পে সেপ্টেম্বর/২০২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৯ জন। সর্বমোট গ্রহনকারী ২৭ জন। গ্রহনকারীর হার ৯৩.১০%। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্টুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে যুব ঋণ বিতরণ লক্ষ্যমাত্র ৪৪,৫০,০০০/- টাকা, বিতরণ, অর্থ বছরে যুব ঋণ বিতরণ ৪,৫০,০০০/- টাকা, আদায়যোগ্য ক্রমঃপুঞ্জিত ৩,৭৬,২৩,৯৪৫/- টাকা, আদায়কৃত ক্রমঃপুঞ্জিত ৩,৬৩,৭৭,৪৪৪/- কিস্তি খেলাপী ২,৮১,৭৮৫/- টাকা, ঋণ খেলাপী ৪,১৪,৭০৬/- টাকা, চলতি আদায়ের হার ৯৭%। ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ১৪ ব্যাচ প্রতি ব্যাচে ৩০ জন, চলতি অর্থ বছরে প্রশিক্ষণ অর্জন ৬০ জন আত্নকর্মের লক্ষ্যমাত্রা ৮৪ জন এবং আত্নকর্মের চলতি অর্থ বছরে অর্জন ২১ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রুপপুর আশ্রয়ন প্রকল্পের ঋণের আসল আদায় ৫,৯০০/- টাকা, সুদ আদায় ৪৭২/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আসল আদায় ৫,২৯,৪০০/- টাকা, সুদ আদায় ২৮,৮০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আসল আদায় ৬,৮২,৩০০/- টাকা, সুদ আদায় ২৪,০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, স্বাস্থ্যবিধি অনুসরণ করে গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে আংশিক শ্রেণি কার্যক্রম শুরু হয়েছে। শিক্ষক শিক্ষার্থীরা যাতে স্বাস্থ্যবিধি মানে সে জন্য মটিভেশন ও মনিটরিং অব্যাহত আছে। মুজিববর্ষ উপলক্ষে ৬ষ্ঠ শ্রেণীর শিক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়নের অংশ হিসেবে "গাছ রোপন-পরিবেশ সংরক্ষণ" কার্যক্রম শুরু হয়েছে। এই কর্মসূচির আওতায় রাজবাড়ী সদর উপজেলার প্রায় ৬০০০ শিক্ষার্থী প্রত্যেকেই একটি করে বৃক্ষ রোপন করবে, এর মাধ্যমে তাদের সফট স্কিলের বিকাশ ঘটবে বলে সরকার প্রত্যাশা করছে। বাৎসরিক ক্রীড়া সূচী প্রণয়নে কাজ চলমান রয়েছে। এই কর্মসূচীর আওতায় সকল প্রতিষ্ঠানে বিভিন্ন ক্রীড়া টিম গঠন করা হচ্ছে। প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীদের ক্রীড়া দক্ষতা বৃদ্ধির পরিকল্পনা এই কর্মসূচির অর্ন্তভূক্ত আছে। ২০২১ সালের নভেম্বর মাস পর্যন্ত যে সকল শিক্ষক অবসরে যাবে সেই সব শূণ্য পদের হিসাব সংগ্রহের কার্যক্রম চলমান আছে। ০৪ অক্টোবর, ২০২১ তারিখ উপজেলা পর্যায়ে "বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা ২০২১" ও ৬ষ্ঠ বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে। মেয়ে শিক্ষার্থীদের আয়রন ট্যাবলেট খাওয়ানোর উদ্দেশ্যে তাদের তালিকার কাজ চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, ৩০টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১ম পর্যায় ২০১৯-২০২০ অর্থ বছরে ৩৬৪ টি নলকূপের মধ্যে ৩১৫ টি সম্পূর্ণ হয়েছে। ২য় পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের টিউবওয়েল বরাদ্দ পাওয়া গেছে। সকল কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), রাজবাড়ী সদর উপজেলায় সরকারি ০৯ টি প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। বর্ণিত প্রকল্প কর্মসূচির মধ্যে এডিবিভূক্ত ০৩ (তিন) টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় চলতি ২০২০-২০২১ অর্থ বছরে এ পর্যন্ত ০২ (দুই)টি স্কীম বরাদ্দ পাওয়া গিয়ে ছিলো, যা ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, তার বিভাগের ঋণ বিতরণ ৪৭.৯৫ লক্ষ টাকা, ঋণ আদায় হয়েছে ৩৩.৩২ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৪.৩৫ লক্ষ টাকা, সদস্য ভর্তি ২৪ জন, আদায়ের হার ৯৪%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২১ মাসে ঋণ বিতরণ ১৪৪.৭৮ লক্ষ টাকা, ঋন আদায় ১৫২.৭৮ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৬.৬৩ লক্ষ টাকা ও আদায়ের হার ৭৯%। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

০৪। সভায় রাজবাড়ী সদর উপজেলাধীন ইউনিয়ন সমূহে নিম্নবর্ণিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের অর্থায়নে বাস্তবায়নের প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ পিআইসি কমিটির মাধ্যমে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | রাজবাড়ী সদর উপজেলার মূলঘর ইউনিয়নের মূলঘর উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২,০০,০০০/- |
| ০২ | রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন স্কুলে মেয়েদের জন্য হাইজিন কর্ণার স্থাপন | ২,০০,০০০/- |
| ০৩ | রাজবাড়ী সদর উপজেলার সুলতানপুর ইউনিয়নের ধর্মশী ব্রীজ হইতে জিন্না খানের বাড়ি পর্যন্ত ইটের রাস্তা নির্মাণ | ২,০০,০০০/- |
| ০৪ | রাজবাড়ী সদর উপজেলার দাদশী ইউনিয়নের বিভিন্ন স্থানে টিউবওয়েল স্থাপন | ২,০০,০০০/- |
| ০৫ | রাজবাড়ী সদর উপজেলার বরাট ইউনিয়নের বিভিন্ন স্থানে টিউবওয়েল স্থাপন | ২,০০,০০০/- |

০৫। সভায় রাজবাড়ী সদর উপজেলার চর সিলিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টিনসেড ঘরটি হঠাৎ করে পদ্মা নদীর গর্ভে বিলীন হয়ে যাওয়ায় তাৎক্ষণিক বিদ্যালয়ের টিনসেড ঘরটি অন্যত্র স্থানান্তর ব্যয় বাবদ এবং আলীপুর ইউনিয়নের হুগলাডাঙ্গী মাদ্রাসা ঝড়ের কারণে ক্ষতিগ্রস্থ হওয়ার জরুরী ভিত্তিতে টিনসেড ঘর মেরামতের জন্য উপজেলা পরিষদ হতে অনুদান প্রদানের প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩ এর (ঘ) নং অনুচ্ছেদের আলোকে অপ্রত্যাশিত খাত হতে অনুদান প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| ক্রঃ নং | নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|
| ০১ | রাজবাড়ী সদর উপজেলার চর সিলিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টিনসেড ঘরটি অন্যত্র স্থানান্তর ব্যয় বাবদ | ৫০,০০০/- |
| ০২ | রাজবাড়ী সদর উপজেলার আলীপুর ইউনিয়নের হুগলাডাঙ্গী মাদ্রাসার টিনসেড ঘর মেরামত | ৫০,০০০/- |

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় আগস্ট/২০২১ মাসের মাসিক সভার কার্যবিররণীর ০৪ নং অনুচ্ছেদের পিআইসির মাধ্যমে বাস্তবায়নের স্কীম তালিকার ০৪ নং প্রকল্পের পরিবর্তে রাজবাড়ী সদর উপজেলার দাদশী ইউনিয়নের বড়নূরপুর হাজীউল্লার বাড়ী হইতে বাবলুর বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং করণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৭। <u>বিবিধ :</u>

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :
গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -
উপজেলা পরিষদের মালীর আগস্ট/২০২১ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা
উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর আগস্ট/২০২১ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(খ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর মহোদয়ের অফিস কক্ষের অটবির ফাইন কেবিনেট, আলমারী মেরামত ও রং করণ, অটবির টেবিল মেরামত, টেবিলের উপরে গ্লাস ও পর্দার স্টান লাগানো বাবদ প্রদানকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার এবং উপজেলা পরিষদের জীপগাড়ীর গ্যারেজ মেরামত বাবদ প্রদানকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিল ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামতের মালামাল সরবরাহ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল এবং উপজলা পরিষদের আবাসিক ভবনের, অফিস ভবনের, পুকুরের ভিতর ও চারপাশের বর্জ্য অপসারণ/পরিস্কার পরিচ্ছন্নতা করণের জন্য লেবার খরচ বাবদ প্রদানকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিলগুলো অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২০২১- তারিখ : ২৬/০৯/২০২১ খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০। ............................................................

............................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২৬/০৯/২১

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।